দামুড়হুদার হাউলী ইউনিয়নে লোকমোর্চা ও প্রকল্প পরিচিতি সভা অনুষ্ঠিত

দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নে লোকমোর্চা ও প্রকল্প পরিচিতি সভা অনুষ্ঠিত হয়েছে।

বুধবার বিকাল ৩ টার দিকে হাউলী ইউনিয়ন পরিষদের সভাকক্ষে উক্ত পরিচিতি সভায় হাউলী ইউনিয়ন লোকমোর্চার নবাগত কমিটির সভাপতি ইউসুফ আলীর সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন দামুড়হুদা উপজেলা লোকমোর্চার সভাপতি অধ্যক্ষ কামাল উদ্দিন।

বিশেষ অতিথি ছিলেন দামুড়হুদা উপজেলা লোকমোর্চার সহ-সভাপতি শহিদুল ইসলাম। বিশেষ অতিথি ছিলেন দামুড়হুদা উপজেলা লোকমোর্চার সাধারণ সম্পাদক হযরত আলী, দামুড়হুদা উপজেলা লোকমোর্চার সাংগঠনিক সম্পাদক জাহিদ হাসান জনি শাহ্ হাউলী ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান নিজাম উদ্দিন। হাউলী ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আবু সাঈদ খোকন, হাউলী ইউনিয়ন যুবলীগের সাধারণ সম্পাদক হাবিবুর রহমান বিপ্লব।

আরো উপস্থিত ছিলেন, হাউলী ইউনিয়ন লোকমোর্চার নবাগত কমিটির উপদেষ্টা ইউনুস আলী, টিপু সুলতান,সহ সভাপতি আলাউদ্দিন, জহির উদ্দিন, সালেহা বেগম, সহ-সাধারণ সম্পাদক আরিফুল ইসলাম মিলন, সাংগঠনিক সম্পাদক জামিরুল ইসলাম, সহ-সাংগঠনিক সম্পাদক রকিবুল হাসান তোতা,প্রচার সম্পাদক রাসেল শাহ্, নির্বাহী সদস্য জাহিদ হাসান জনি শাহ্,নিশান তরফদার,শহিদুল ইসলাম,লাইলী আক্তার বেবী,মোমেহার খাতুন, মামুন হোসেন, জয়নাল হোসেন, সেলিম উদ্দিন, সমশের আলী, মুক্তার হোসেন, সোনিয়া খাতুন, আকবর আলি বিশ্বাস,আলেফ উদ্দিন, শারমিন সুলতানা সহ হাউলী ইউনিয়ন লোকমোর্চার নবাগত কমিটির সকল সদস্য বৃন্দ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানটির সার্বিক ব্যবস্থাপনায় ছিলেন, ওয়েভ ফাউন্ডেশনের সম্বনয়কারী কামরুজ্জামান যুদ্ধ ও ওয়েভ ফাউন্ডেশনের প্রোগ্রাম অফিসার ফরহাদ হোসেন। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন হাউলী ইউনিয়ন লোকমোর্চার নবাগত কমিটির সাধারণ সম্পাদক মজিবার রহমান।

নেটফ্লিক্স-আমাজনের সঙ্গে আনুশকার ৪৬৫ কোটি টাকার চুক্তি

বলিউড অভিনেত্রী আনুশকা শর্মার প্রযোজনা সংস্থা ‘ক্লিন স্লেট ফিল্মজ’-এর সঙ্গে আগামী ১৮ মাসে প্রায় আটটি সিনেমা ও সিরিজ নির্মাণের জন্য চুক্তি করেছে বিশ্বজুড়ে জনপ্রিয় দুই স্ট্রিমিং প্ল্যাটফরম নেটফ্লিক্স ও আমাজন।

৫৪ মিলিয়ন মার্কিন ডলারের (বাংলাদেশি মুদ্রায় ৪৬৫ কোটি টাকা) চুক্তিটির চুক্তির বিস্তারিত আপাতত গোপন রাখা হয়েছে বলে জানিয়েছে ভারতীয় গণমাধ্যম ইন্ডিয়ান এক্সপ্রেস ও হিন্দুস্তান টাইমস।

শাহরুখ খানের বিপরীতে ‘জিরো’ সিনেমায় অভিনয়ের পর থেকে সিনে পর্দায় নিজেকে গুটিয়ে রেখেছেন আনুশকা শর্মা। তবে নিজের প্রযোজনা সংস্থা ‘ক্লিন স্লেট ফিল্মজ’ চালু রেখেছেন তিনি; যেটি ২০১৩ সালে ভাই কর্নেশ শর্মাকে সঙ্গে নিয়ে প্রতিষ্ঠা করেছিলেন তিনি।

নেটফ্লিক্সের মুখপাত্রের বরাত দিয়ে ইন্ডিয়ান এক্সপ্রেস জানিয়েছে, দ্রুত এই প্রজেক্টের তিনটি কাজ তাদের প্ল্যাটফরমে দেখানো হবে। তবে এ প্রসঙ্গে কোনো তথ্য জানাতে অস্বীকৃতি জানিয়েছে আমাজন।

তবে এই প্রজেক্টের একটি কাজ হচ্ছে ক্রিকেটার ঝুলন গোস্বামীর জীবনের গল্প নিয়ে আনুশকা শর্মা অভিনীত ‘চক্র এক্সপ্রেস’ সিনেমা, যেটির ব্যাপারে নেটফ্লিক্স এরই মধ্যে নিশ্চিত করেছে।

অন্তঃসত্ত্বা হওয়ার পর থেকেই ক্যামেরার সামনে কাজ করা থেকে বিরতি নিয়েছিলেন আনুশকা। সোশ্যাল মিডিয়াতেও কম দেখা গেছে তাকে। ২০২১ সালে কন্যাসন্তান ভামিকা জন্মের পরও কাজে ফেরেননি তিনি। তবে এবার লম্বা বিরতির পর বিগ বাজেটের তিনটি সিনেমার সঙ্গে যুক্ত হয়েছেন এ নায়িকা।

আনোয়ার গ্রুপে চাকরির সুযোগ

জনবল নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করেছে আনোয়ার গ্রুপ অব ইন্ডাস্ট্রিজ। প্রতিষ্ঠানটিতে ‘ম্যানেজমেন্ট ট্রেইনি’ পদে নিয়োগ দেওয়া হবে। আগ্রহী যোগ্য প্রার্থীরা অনলাইনে সহজেই আবেদন করতে পারবেন।

পদের নামঃ ম্যানেজমেন্ট ট্রেইনি।

শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা

স্বীকৃত যেকোনো বিশ্ববিদ্যালয় থেকে বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন বিষয়ে স্নাতক অথবা স্নাতকোত্তর পাস প্রার্থীরা আবেদন করতে পারবেন। আইবিএ, ডিউ, ব্র্যাক, এনএসইউ ও বুয়েটের শিক্ষার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। পাশাপাশি সংশ্লিষ্ট ক্ষেত্রে প্রার্থীর এক থেকে তিন বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। তবে অভিজ্ঞতা ছাড়াও আবেদনের সুযোগ আছে। এসএসসি ও এইচএসসি পরীক্ষায় জিপিএ-৫ থাকতে হবে। মাইক্রোসফট অফিসে দক্ষতা থাকতে হবে। অনূর্ধ্ব ৩২ বছর বয়স পর্যন্ত আবেদন করা যাবে।

কর্মস্থলঃ সারা দেশ (প্রতিষ্ঠান নির্ধারিত)।

বেতনঃ ৬০,০০০ টাকা, ছয় মাস পর ৭০,০০০ টাকা।

আবেদনের প্রক্রিয়াঃ প্রার্থীরা সিভি ই-মেইল করতে পারবেন career@anwargroup.net এই ঠিকানায়।

আবেদনের শেষ তারিখঃ ১৫ ফেব্রুয়ারি, ২০২২।

টেলিনরের ‘টেক ট্রেন্ডস ২০২২’ উন্মোচন করল গ্রামীণফোন

টেলিনর গ্রুপের সায়েন্টিফিক রিসার্চ ইউনিট ‘টেলিনর রিসার্চ’র প্রযুক্তি নিয়ে পূর্বাভাস প্রতিবেদনের সপ্তম সংস্করণ উন্মোচন করেছে। এ প্রতিবেদনে কীভাবে প্রযুক্তি ও ডিজিটালাইজেশন গ্রিন ট্রান্সফরমেশনকে (সবুজ রূপান্তর) সক্ষম করে তুলতে পারে তার ওপর গুরুত্বারোপ করা হয়েছে। প্রতিষ্ঠানটি মনে করে, আগামী দিনে এই বিষয়টিই গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। প্রতিবেদনে পাঁচটি বিষয়ে পূর্বাভাস দেওয়া হয়েছে।

সোমবার (২৪ জানুয়ারি) জিপি হাউজে আয়োজিত এক অনুষ্ঠানের মাধ্যমে টেলিনরের গবেষণা থেকে প্রাপ্ত ফলাফল প্রকাশ করে গ্রামীণফোন।

রাজধানীর জিপি হাউজে মূল বক্তব্য ও বিশেষজ্ঞদের অভিমত প্রদানের সেশনে চলতি বছরের জন্য পাঁচটি প্রত্যাশিত প্রযুক্তি পূর্বাভাস উন্মোচন করা হয়। সেশন চলাকালীন সময়ে টেলিনর রিসার্চের প্রধান বিওন তালে স্যান্ডবার্গ ভার্চুয়াল মাধ্যমে মূল বক্তব্য প্রদান করেন। অনুষ্ঠানে গ্রামীণফোনের প্রধান নির্বাহী ইয়াসির আজমান, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশনের মহাপরিচালক (সিস্টেমস অ্যান্ড সার্ভিসেস) ব্রিগেডিয়ার জেনারেল মো. নাসিম পারভেজ, বিকাশের প্রধান নির্বাহী কর্মকর্তা কামাল কাদীর, বেলা’র প্রধান নির্বাহী সৈয়দা রিজওয়ানা হাসান এবং পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশনের (পিকেএসএফ) চেয়ারম্যান ড. কাজী খলীকুজ্জমান আহমদ উপস্থিত ছিলেন। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের প্রতিমন্ত্রী জুনাইদ আহমদ পলক প্রধান অতিথি হিসেবে ভার্চুয়ালভাবে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

গত বছরটি ছিল চরম দুর্যোগপূর্ণ আবহাওয়া ও রেকর্ড ছড়ানো তাপমাত্রার বছর। এটি পরিবর্তনশীল জলবায়ুর কারণে মানুষ, বন্যপ্রাণী ও প্রকৃতির মুখোমুখি হওয়ার প্রতিকূলতার বিষয়টিকেই গুরুত্বারোপ করে। এমন প্রতিকূল অবস্থাতে প্রযুক্তিগত অগ্রগতি এবং সমাজের জিজিটালাইজেশন মানুষের মধ্যে আশার আলো সঞ্চার করে। চলমান বৈশ্বিক মহামারি ও এর ফলাফলের ওপর ভিত্তি করেই এ পূর্বাভাসগুলো নির্ধারণ করা হয়েছে।

আইসিটি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক বলেন, ‘আজ মাননীয়

প্রধানমন্ত্রী শেখ হাসিনার সুযোগ্য নেতৃত্ব এবং ডিজিটাল বাংলাদেশের স্থপতি আমাদের আইসিটি বিষয়ক উপদেষ্টা সজীব ওয়াজেদ জয়ের সঠিক দিকনির্দেশনায় আমরা রূপকল্প ২০২১-এর লক্ষ্যমাত্রা কেবল অর্জনই করিনি, ডিজিটাল বাংলাদেশ রূপকল্প নিয়ে কিছু কিছু ক্ষেত্রে আমরা লক্ষ্যমাত্রা অতিক্রমও করতে পেরেছি। চতুর্থ শিল্প বিপ্লবের প্রযুক্তি অনুসারে আমরা সারা দেশে আইটি প্রশিক্ষণ কেন্দ্র এবং ল্যাব তৈরি করেছি। আমরা চতুর্থ শিল্প বিপ্লবের জন্য কেন্দ্র তৈরি করেছি – ডিজিটাল লিডারশিপ অ্যাকাডেমি এবং আরো অনেক ডিজিটাল অবকাঠামো এবং সেবা চালু করেছি। এগুলোর মাধ্যমে দেশ জ্ঞানভিত্তিক অর্থনীতির দিকে ধাবিত হবে। এছাড়াও, আমরা তরুণদের জন্য, বিশেষ করে ষষ্ঠ থেকে দ্বাদশ শ্রেণির জন্য শেখ হাসিনা ইনস্টিটিউট অব ফ্রন্টিয়ার টেকনোলজি (সংক্ষেপে ‘শিফট’) নির্মাণ করছি। ’

আইসিটি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক বলেন, ‘বিভিন্ন ধরনের সহযোগিতা ও সমর্থন প্রদানের মাধ্যমে সরকারের ডিজিটাল বাংলাদেশের স্বপ্ন পূরণে পাশে থাকায় আামি গ্রামীণফোন ও টেলিনরকে ধন্যবাদ জানাই। এ নিয়ে সপ্তমবারের মতো টেক ট্রেন্ডসের মাধ্যমে সামনের দিনগুলোর গুরুত্বপূর্ণ বিষয়ের পূর্বানুমান উন্মোচন করেছে টেলিনর রিসার্চ। এ প্রতিবেদনে পূর্বানুমান করার কারণ ও এর ব্যাখ্যা দেওয়া হয়েছে। ধারাবাহিকভাবে এ ধরনের বার্ষিক টেক ট্রেন্ডস প্রকাশ করায় টেলিনর ও গ্রামীণফোনকে অসংখ্য ধন্যবাদ। কারণ, এর মাধ্যমে আমরা সারা বিশ্বের প্রযুক্তি দুনিয়ায় কী ঘটছে তা উন্মোচন করতে পারছি এবং এগুলো বাৎসরকিভাবে প্রণীত কৌশলেও অন্তর্ভুক্ত করতে পারছি। ’

বিটিআরসি’র মহাপরিচালক (সিস্টেমস অ্যান্ড সার্ভিসেস) ব্রিগেডিয়ার জেনারেল মো. নাসিম পারভেজ তার বক্তব্যে চারটি বিষয়ে আলোকপাত করেন। বিষয়গুলো হলো- জ্বালানি সাশ্রয়; সাইট লেভেল ইনোভেশন; আরএএন (রেডিও অ্যাকসেস নেটওয়ার্ক) ও নেটওয়ার্ক ইক্যুইপমেন্ট ইনোভেশন; এবং উন্নত নেটওয়ার্ক পরিকল্পনা ও অপ্টিমাইজেশন। তিনি বলেন, ‘টেক ট্রেন্ডস থেকে প্রাপ্ত ফলাফলগুলো নিয়ে কাজ করতে কিংবা এগুলোর বিকাশে কীভাবে একসঙ্গে কাজ করা যায় তা নিয়ে আমাদের কৌশল খুঁজে বের করতে হবে। আমরা ফাইভজি নীতিমালা নিয়ে কাজ করছি। আমরা অপারেটরদের সঙ্গে বসে তাদের তাদের পরামর্শও নিচ্ছি। ’

বিকাশের প্রধান নির্বাহী কর্মকর্তা কামাল কাদীর বলেন, ‘টেক ট্রেন্ডস ২০২২ এর পাঁচটি পূর্বাভাসে অনেকগুলো ধারণা খুব

সুন্দরভাবে উঠে এসেছে। সার্ভার ও অ্যাপ্লিকেশন ভিত্তিক কোন কিছু ডিজাইন করার সময় সবুজায়নের বিষয়টিতে গুরুত্বারোপ করতে হবে; একইসঙ্গে ব্যবহারকারীরা তাদের প্রাত্যহিক জীবনে কীভাবে এগুলোর প্রয়োগ ঘটাতে পারে তা নিয়ে প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান করতে হবে। পাশাপাশি, বিশ্ববিদ্যালয়গুলোতে এ বিষয়গুলোকে মূল ডিসিপ্লিন হিসেবে বিবেচনা করতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে, যেন শিক্ষার্থীরা তাদের ক্যারিয়ারে এ ধারণাগুলোকে কাজে লাগাতে পারেন। ‘গ্রিনফ্লুয়েন্সার’ ধারণাটি আমার কাছে বেশ আকর্ষণীয় লেগেছে। আমাদের দেশে এ ধারণাটি অতি শিগগিরই জনপ্রিয় করতে সবাইকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। আর এভাবেই একসঙ্গে সবাই কাজ করার মাধ্যমে আমরা শক্তি সাশ্রয়ীর বিষয়টি সবার মাঝে ছড়িয়ে দিয়ে টেকসই পৃথিবী গড়তে পারব। ’

বেলা’র প্রধান নির্বাহী সৈয়দা রিজওয়ানা হাসান বলেন, ‘বর্তমানে ই-বর্জ্য পরিবেশের ক্ষতির অন্যতম কারণ হয়ে দাঁড়িয়েছে। আমরা ই-বর্জ্যের ঝুঁকি সম্পর্কে এবং এ ব্যাপারে কী পদক্ষেপ নেওয়া যেতে পারে তা সঠিকভাবে জানি না। প্রযুক্তি প্রতিষ্ঠানগুলোকে ভোক্তাদের আকর্ষণ করতে নতুন ডিজাইন বাজারে আনার চেয়ে পরিবেশের জন্য কিছু করতে চাইলে পণ্যের স্থায়িত্বের ওপর বিশেষ গুরুত্ব দিতে হবে। ’

টেলিনরের হেড অব রিসার্চ বিয়ন টালে স্যান্ডবার্গ বলেন, ‘জলবায়ু পরিবর্তন এবং পরিবেশগত অবক্ষয় নিয়ে কাজ করার প্রয়োজনীয়তার বিষয়টি অনুধাবন করে সর্বত্রই মানুষ এখন সচেতন হচ্ছে। প্রযুক্তি কীভাবে সমস্যার অংশ না হয়ে পরিবর্তনে সহায়তা করতে পারে টেলিনরে তা অনুধাবন করাটাই আমাদের জন্য জরুরি। ’

গ্রামীণফোনের প্রধান নির্বাহী কর্মকর্তা, ইয়াসির আজমান বলেন, ‘ক্রমাগত জলবায়ুগত পরিবর্তনের কারণে বাংলাদেশ ধারাবাহিকভাবে চরম জলবায়ুজনিত বিভিন্ন সমস্যার মুখোমুখি হচ্ছে, যা আমাদের টেকসই অর্থনীতির লক্ষ্যকে বাধাগ্রস্ত করছে। ডিজিটালাইজেশনের ক্ষেত্রে আমরা ইতিবাচক অগ্রগতি অর্জন করেছি এবং এখন আমাদের লক্ষ্য হচ্ছে, জলবায়ু-বান্ধব কৌশল গ্রহণ করা, যা সবুজে রূপান্তরের মাধ্যমে আমাদের ভবিষ্যতকে সুরক্ষিত রাখবে। এ বছর প্রযুক্তি সংক্রান্ত অনুমান দেখিয়েছে যে, কীভাবে প্রযুক্তি এবং ডিজিটালাইজেশন ডেটা স্থানান্তরকে আরো দক্ষ, সহজ এবং আমাদের ডিভাইসগুলোকে আরো পরিবেশ বান্ধব ও অপটিমাইজ করে তুলবে, ডিজিটাল মাইক্রো ডিগ্রি ও গ্রিন ইনফ্লুয়েন্সারগুলোর মাধ্যমে জলবায়ুতে ইতিবাচক পরিবর্তন

আনতে পারে; পাশাপাশি টেকসই ভবিষ্যৎ নির্মাণেও কিছু ট্রেন্ড ভূমিকা রাখতে পারে। আমরা কীভাবে ভালো নেতৃত্বের অনুশীলনের বিষয়টি নিশ্চিত করতে পারি যাতে পরবর্তী প্রজন্মের কর্মীরা তাদের কর্মক্ষেত্রে উন্নতি লাভ করে, এ বিষয়টিও চলতি বছরের প্রতিবেদনে আলোকপাত করা হয়েছে। ’

সিনিয়র অফিসার পদে নিয়োগ দেবে মেঘনা গ্রুপ

নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করেছে মেঘনা গ্রুপ অব ইন্ডাস্ট্রিজ। প্রতিষ্ঠানটিতে ‘অফিসার/ সিনিয়র অফিসার’ পদে নিয়োগ দেওয়া হবে। আগ্রহী যোগ্য প্রার্থীরা অনলাইনে আবেদন করতে পারবেন।

পদের নামঃ অফিসার/ সিনিয়র অফিসার–সেলস অ্যান্ড মার্কেটিং (ফিডস)।

যোগ্যতাঃ

স্বীকৃত যেকোনো বিশ্ববিদ্যালয় থেকে যেকোনো বিষয়ে স্নাতক পাস প্রার্থীরা আবেদন করতে পারবেন। পূর্ববর্তী কোনো কর্মক্ষেত্রে ন্যূনতম দুই বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। ফিড প্রোডাকশন মার্কেটিং বা এগ্রো বেসড প্রতিষ্ঠানে কাজের অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীর মাইক্রোসফট অফিসে কাজের দক্ষতা থাকতে হবে।

কর্মস্থলঃ সারা দেশ (প্রতিষ্ঠান নির্ধারিত)।

বেতনঃ আলোচনা সাপেক্ষে।

আবেদনের প্রক্রিয়াঃ আগ্রহী প্রার্থীরা বিডিজবস অনলাইনে আবেদন করতে পারবেন।

আবেদনের শেষ তারিখঃ ৩০ জানুয়ারি, ২০২২।

মেগা চিপসেট কারখানা বানাচ্ছে ইন্টেল

চিপ নির্মাতা মার্কিন প্রতিষ্ঠান ইন্টেল বিশ্বের বৃহত্তম সেমিকন্ডাক্টর প্রকল্পের কাজ হাতে নিয়েছে। যুক্তরাষ্ট্রের ওহাইও রাজ্যের নিউ আরবানিতে বৃহৎ চিপসেট কারখানা তৈরি করা হচ্ছে। কারখানাটি তৈরিতে প্রাথমিকভাবে ২০ বিলিয়ন ডলারের অধিক বিনিয়োগ করবে ইন্টেল।

চলতি বছরের শেষ দিকে কারখানাটি তৈরির কাজ শুরু হবে এবং ২০২৫ সালে সেটি চালু করার পরিকল্পনা রয়েছে। প্রায় ৪০০ হেক্টর জায়গায় এই মেগাসাইটে প্রাথমিকভাবে দুটি চিপ কারখানা করা হবে। পরবর্তীতে সেটি আটটিতে উন্নীত করার পরিকল্পনা রয়েছে। এ ছাড়া এখানে থাকবে সাপোর্ট অপারেশন এবং অন্যান্য ইন্টেল পার্টনার ইকোসিস্টেম।

নতুন সাইটটিতে প্রাথমিকভাবে তিন হাজার কর্মসংস্থান তৈরি হবে বলে ধারণা করা হচ্ছে। এর পাশাপাশি ১০ হাজার লোক সাইটটি তৈরিতে কাজ করবে এবং স্থানীয় অর্থনীতিতে দীর্ঘস্থায়ী সুযোগ তৈরি হবে। এ ছাড়া ইন্টেল অতিরিক্ত ১০০ মিলিয়ন ডলার খরচ করবে স্থানীয় শিক্ষাপ্রতিষ্ঠানগুলোতে; যার মাধ্যমে তারা স্থানীয় দক্ষ জনবল তৈরি করতে পারে।

সাকিবের মতো একই ভুল, ফেঁসে যাচ্ছেন ব্রেন্ডন টেইলর

জিম্বাবুয়ের জাতীয় দলের ক্রিকেটার ব্রেন্ডন টেইলর সোমবার টুইটারে জানিয়েছেন, ২০১৯ সালে ভারতে গিয়ে ম্যাচ ফিক্সিংয়ের জন্য এক ব্যবসায়ীর কাছ থেকে টাকা নিয়েছিলেন তিনি। তবে টেইলর দাবি

করেছেন, তিনি ফিক্সিংয়ে জড়াননি।

বিশ্ব ক্রিকেটের নিয়ন্ত্রক সংস্থা আইসিসির কাছ থেকে স্পষ্ট নির্দেশনা আছে, যদি কোনো ক্রিকেটার ফিক্সিংয়ের প্রস্তাব পান তাহলে তা সঙ্গে সঙ্গে আইসিসির এন্টি করাপশন ইউনিটকে জানাতে হবে। যদি কেউ না জানান তাহলে তাকে বড় রকমের শাস্তির মুখে পড়তে হবে।

ফিক্সিংয়ের প্রস্তাব পেয়েও সেটি আইসিসিকে সময়মতো জানানটি টাইগার অলরাউন্ডার সাকিব আল হাসান। এই কারণে ২০১৯ সালে সাকিবকে দুই বছরের নিষেধাজ্ঞা দেয়া হয়। পরবর্তীতে যা এক বছরে কমিয়ে আনা হয়।

সাকিবের মতো ব্রেন্ডন টেইলর আইসিসিকে সময়মতো ফিক্সিংয়ের প্রস্তাব পাওয়ার বিষয়টি জানাননি। তিনি টুইটের মাধ্যমে আজই বিষয়টি প্রকাশ্যে আনলেন। আর সাকিবের মতো একই ভুল করে এখন ৩৫ বছর বয়সী টেইলরকেও পড়তে হবে বড় শাস্তির মুখে।

দীর্ঘ এক টুইটারে এই উইকেটরক্ষক ব্যাটসম্যান ব্রেন্ডন টেইলর জানিয়েছেন, তাকে জিম্বাবুয়েতে একটি টি-টোয়েন্টি লিগ ও স্পন্সরশিপের জন্য দেখা করার জন্য অনুরোধ করেন এক ভারতীয় ব্যবসায়ী। কিন্তু সেখানে গিয়ে ফেঁসে যান তিনি। তাকে কোকেইন সেবন করিয়ে সেটির ভিডিও করে বলা হয়, ম্যাচ ফিক্সিং করতে। নয়ত কোকেইন সেবনের ভিডিওটি ছড়িয়ে দেয়া হুমকি দেয়া হয়।

ঘটনাটির বিস্তারিত জানিয়ে টুইটারে টেইলর লিখেছেন, ২০১৯ সালের অক্টোবরের শেষদিকে, আমাকে ভারতের এক ব্যবসায়ী অনুরোধ করে জিম্বাবুয়েতে একটি টি-টোয়েন্টি টুর্নামেন্ট আয়োজনের স্পন্সরশিপের বিষয়ে তার সঙ্গে আলোচনায় বসতে। আমাকে বলা হয়েছিল ১৫ হাজার ডলার পাবো।’

‘আমি সেটাকে প্রত্যাখান করতে পারিনি কারণ ভীত ছিলাম। কিন্তু সময়টাও এমন ছিল যখন জিম্বাবুয়ে ক্রিকেট বোর্ড ছয় মাস আমাদের বেতন দিতে পারছিল না। এটাও নিশ্চিত ছিলাম না জিম্বাবুয়ে আন্তর্জাতিক ক্রিকেট চালিয়ে যেতে পারবে নাকি। তাই আমি ভারতে যাই। আলোচনাও হয়, আমরা একটা ডিনারে বসি।’

‘সেখানে সে ড্রিংকস নিয়ে হাজির হয়। একই সঙ্গে আমাকে কোকেইন খাওয়ার প্রস্তাব দেওয়া হয়, আমি সেটা কিছুটা গ্রহণও করে ফেলি বোকার মতো। আমি এরপর অনেকবার সেটাতে ফিরে গেছি। আমার পেটে এখনও অসুস্থতা বোধ করি। তারা কীভাবে আমার সঙ্গে ওই রাতে খেলল, সেটা

নিয়ে ভাবি।’

‘পরের দিন সকালে ওই একই লোক আমার হোটেলের রুমে আসে আর একটা ভিডিও দেখায় কোকেইন খাওয়ার। সে আমাকে বলে, যদি আমি আন্তর্জাতিক ম্যাচে তাদের জন্য স্পট ফিক্সিং না করি। তাহলে তারা ভিডিওটি ছড়িয়ে দেবে।’

‘আমি চিন্তিত হয়ে পড়লাম। আমার হোটেল রুমে ছয় জন মানুষ দাঁড়িয়ে ছিল, নিজেকে নিয়েই ভয়ে ছিলাম। আমি তাদের ফাঁদে পা দিলাম। আর ধীরে ধীরে এমন একটা পরিস্থিতির মধ্যে পড়ে গেলাম যেটা ক্যারিয়ারটাকে শেষ করে দিল।’

‘আমাকে ১৫ হাজার ডলার ঠিকই দেওয়া হলো কিন্তু সঙ্গে এটাও বলা হলো যে এটা একটা ডিপোজিট ফিক্সিংয়ের জন্য। যদি কাজটা হয়ে যায়, তাহলে আরও ২০ হাজার ডলার পাবো। আমি টাকাটা নেই, যেন প্ল্যানে উঠে ভারত ছাড়তে পারি। আমার মনে হয়েছিল আর কোনো বিকল্প নেই। কারণ সেখানে না বলার মতো অবস্থা ছিল না। আমি তখন কেবল সেখান থেকে বেড়িয়ে যাওয়ার কথাই ভেবেছি।’

এক ফ্রেমে দুই তানিয়া

একজন তানিয়া আহমেদ অন্যজন তানিয়া হোসেইন। তানিয়া আহমেদের নিজস্ব পরিচিতি হলো তিনি দেশসেরা একজন মডেল ও অভিনেত্রী। সেই সঙ্গে একজন নন্দিত উপস্থাপিকা। অন্যদিকে তানিয়া হোসেইন একজন দর্শকপ্রিয় অভিনেত্রী, মডেল এবং উপস্থাপিকাও বটে।

তানিয়া আহমেদের আরেকটা পরিচিতি হচ্ছে তিনি দেশের জীবন্ত কিংবদন্তি নায়ক সোহেল রানা, নায়ক রুবেলের ভাগ্নি। অন্যদিকে তানিয়া হোসেইনের আরেকটা পরিচিতি হচ্ছে তিনি দেশের খ্যাতনাম সঙ্গীতশিল্পী বাপ্পা মজুমদারের স্ত্রী।

তানিয়া আহমেদ কিংবা তানিয়া হোসেন-দুজনেই অভিনয়ে এবং উপস্থাপনায় অনবদ্য। তানিয়া আহমেদ বর্তমান সময়টায় উপস্থাপনা নিয়েই বেশি ব্যস্ত। অন্যদিকে তানিয়া হোসেইন সংসার জীবন নিয়েই বেশি ব্যস্ত

এখন। একমাত্র মেয়েকে নিয়েই তার সময় কাটছে। তানিয়া হোসেইনের এখন সময় কাটে একমাত্র আদরের মেয়ে পিয়েতা মজুমদারকে নিয়েই।

তানিয়া আহমেদ ও তানিয়া হোসেইন দুজনই একসঙ্গে এটিএন বাংলায় প্রচারিত ঝরা ফুলসহ বেশ কয়েকটি নাটকে অভিনয় করেছেন। তানিয়া হোসেইন প্রসঙ্গে তানিয়া আহমেদ বলেন, তানিয়া খুব মিষ্টি আর লক্ষী একটি মেয়ে। এখন সংসার জীবন নিয়েই তানিয়া বেশি ব্যস্ত। তার ভক্ত-দর্শকেরা তাকে অভিনয়ে মিস করে, উপস্থাপনাতেও মিস করে। আমাদের প্রিয় বাপ্পার সহধর্মিণী। সংসার জীবনে তানিয়া ভালো আছে, সুখে আছে- এটাই আমাদের ভালোলাগা। আমার সঙ্গে দেশের বাইরে বেশ কয়েকটি নাটকের শুটিং করেছে তানিয়া। আমার সঙ্গেই থাকতো সারাক্ষণ। আমাদের সময়টা দারুণ উপভোগ্য ছিল। আমি সবসময় তানিয়ার জন্য দোয়া করি ও যেন ভালো থাকে, সুস্থ থাকে। সেদিন একটি অনুষ্ঠানে অনেকদিন পর দেখা হয়ে ভীষণ ভালো লেগেছে।

তানিয়া হোসেইন বলেন, দীর্ঘদিন পর তানিয়া আপুর সঙ্গে দেখা হয়ে খুব ভালো লেগেছে। সেই ছোট্টবেলা থেকেই কিন্তু তানিয়া আপুকে দেখে আসছি। এখনো কত্তো সুন্দর, পরিপাটি তানিয়া আপু। কীভাবে যে তিনি এটা মেইনটেই করেন তিনিই জানেন। তানিয়া আপু ভীষণ কেয়ারিং এবং ভীষন দায়িত্বশীল একজন মানুষ। তার সঙ্গে কয়েকটি নাটকে কাজ করেই আমার এই উপলদ্ধি। আমিও দোয়া করি তিনি যেন সবসময় ভালো থাকেন, সুস্থ থাকেন।

এদিকে তানিয়া আহমেদ গাজী টিভিতে প্রচার চলতি ম্যাগাজিন অনুষ্ঠান ‘অনন্যার’র নিয়মিত উপস্থাপনা করছেন। পাশাপাশি শিগগিরই নতুন কয়েকটি নাটকে তার কাজ করার কথা রয়েছে।

সংসদে বিল উত্থাপন মেয়াদ শেষ হলে পৌরসভায় প্রশাসক নিয়োগ

হবে

পৌর পরিষদের মেয়াদ শেষ হলে পরিষদের কার্যক্রম পরিচালনায় সরকারের প্রশাসক নিয়োগের বিধান রেখে স্থানীয় সরকার (পৌরসভা) (সংশোধন) বিল-২০২২ জাতীয় সংসদে উত্থাপন করা হয়েছে। আজ রবিবার উত্থাপিত বিলে কোনো পল্লী এলাকাকে শহর এলাকা ঘোষণায় প্রতি বর্গকিলোমিটারে জনসংখ্যার ঘনত্ব দেড় হাজার থেকে বাড়িয়ে দুই হাজার করা হয়েছে।

স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সভাপতিত্বে অধিবেশনে বিলটি উত্থাপন করেন স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী মো. তাজুল ইসলাম। পরে বিলটি অধিকতর পরীক্ষা-নিরীক্ষার জন্য স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটিতে পাঠানো হয়।

কমিটিকে সাত দিনের মধ্যে সংসদে প্রতিবেদন দেওয়ার জন্য বলা হয়েছে।

বিলের উদ্দেশ্য ও কারণ সম্পর্কে বলা হয়েছে, জনসংখ্যা বৃদ্ধির পাশাপাশি উন্নত জীবন ও পর্যাপ্ত নাগরিক সেবার প্রত্যাশায় অধিক সংখ্যক মানুষ শহরমুখী হচ্ছে। একই সঙ্গে শহর এলাকার মানুষের ক্রয়ক্ষমতা বৃদ্ধি পাচ্ছে। নতুন নতুন অনেক পৌরসভা গঠিত হওয়ার পর দেখা যায়, পৌরসভার নাগরিক সেবা প্রদান এবং নিজস্ব প্রশাসন পরিচালনার সক্ষমতা থাকে না। সুশাসন নিশ্চিত ও পর্যাপ্ত সেবা প্রদানের শহরগুলোকে বাসযোগ্য করতে শহর গঠনে জনসংখ্যার ঘনত্বের মান পরিবর্তন প্রয়োজন।

আরো বলা হয়েছে, বিদ্যমান আইনে পৌরসভাসমূহের মেয়াদ পাঁচ বছর শেষ হওয়া সত্ত্বেও নতুন পরিষদ প্রথম সভায় মিলিত না হওয়া পর্যন্ত পূর্বের পরিষদ দায়িত্ব পালন করতে পারে। অনেক সময় পৌরসভার মেয়াদ শেষ হলেও বিভিন্ন কারণে রিট মামলা বা অন্য কোনো মামলা করে মেয়াদোত্তীর্ণ পরিষদ অনির্ধারিত সময়ের জন্য পৌর প্রশাসন পরিচালনা করে। ফলে আইনের এ শর্তটি সংশোধনক্রমে মেয়াদোত্তীর্ণ পৌরসভার ক্ষেত্রে নতুন পরিষদ গঠন না হওয়া পর্যন্ত প্রশাসক নিয়োগ করা প্রয়োজন।

বিদ্যমান আইনের ৪২(১) ধারায় বলা হয়েছে, কোনো শহর এলাকাকে পৌর এলাকা ঘোষণার পর পৌরসভার কার্যাবলি সম্পাদনের জন্য সরকার একজন উপযুক্ত কর্মকর্তাকে প্রশাসক নিয়োগ করিবে এবং পৌরসভা গঠন না

হওয়া পর্যন্ত উক্ত প্রশাসক প্রশাসনিক দায়িত্ব পালন করিবেন। এই ধারায় আরো বলা হয়েছে, পৌরসভার মেয়াদ শেষ হওয়ার পর নতুন পরিষদ গঠনের আগ পর্যন্ত কাজ চালানোর জন্য প্রশাসক নিয়োগ দেবে সরকার। সরকারি কোনো কর্মকর্তা বা সরকার উপযুক্ত মনে করে এমন কোনো ব্যক্তিকে প্রশাসক নিয়োগ দেবে।

বিলে পৌরসভা পরিষদের বাতিলসংক্রান্ত ধারায় নতুন বিধান যুক্ত করার প্রস্তাব করা হয়েছে। বলা হয়েছে, যুক্তিসংগত কারণ ছাড়া কর্মকর্তা-কর্মচারীদের একাদিক্রমে ১২ মাস বেতন বকেয়া থাকলে পরিষদ বাতিল হবে। আর নতুন পৌরসভা গঠন হলে বা কোনো ইউনিয়নের অংশবিশেষ পৌরসভার অন্তর্ভুক্ত হলে বিলুপ্ত ইউনিয়ন বা বিলুপ্ত অংশে কর্মরতদের পৌরসভায় অন্তর্ভুক্তির বিধান বিলে রাখা হয়েছে।

এ ছাড়া বিলে পৌরসভার সচিবের পদের নাম বদলে ‘পৌর নির্বাহী কর্মকর্তা’ করা হয়েছে।

৫জি স্মার্টফোন ভিভো ভি ২৩ এর বিক্রি শুরু

ছয় দিনের জমজমাট প্রি-বুকিং পর্ব শেষে শনিবার (২২ জানুয়ারি) থেকে দেশের সব অথোরাইজড ভিভো স্টোরগুলোতে পাওয়া যাচ্ছে গ্লোবাল স্মার্টফোন নির্মাতা প্রতিষ্ঠান ভিভোর নতুন চমক ভিভো ২৩ ফাইভজি। ভিভো জানিয়েছে, গত বছরের ডিসেম্বরেই ৫জি নেটওয়ার্ক চালু করেছে সরকার। এবার ৫জি স্মার্টফোন ভিভো ভি২৩ এনে দারুণ সাড়া মিলছে।

নতুন এই মডেলে ৫জি নেটওয়ার্কের পাশাপাশি ভিভোর নতুন সংযোজন এর কালার চেঞ্জিং বডি।

দেশের তরুণদের ফ্যাশনেবল লাইফস্টাইলকে মাথায় রেখে এই কালার চেঞ্জিং গ্লাস বডি স্মার্টফোন এনেছে ভিভো।
স্বাভাবিক অবস্থায় ভিভো ভি২৩ ৫জি পাওয়া যাবে দু’টি রঙে; স্টারডাস্ট ব্ল্যাক এবং সানশাইন গোল্ড। তবে সূর্যরশ্মিতে গেলে

স্মার্টফোনটি নীলাভ সবুজ এবং সোনালী রঙে বদলাতে থাকবে। বাংলাদেশে ভিভো ভি২৩ ৫জি’র বাজারমূল্য ৩৯ হাজার ৯৯০ টাকা।

ভিভো ভি২৩ ৫জি’তে দুটি ফ্রন্ট ক্যামেরা যুক্ত করা হয়েছে। এর মধ্যে একটি ৫০ মেগাপিক্সেলের বিশাল অটো ফোকাস পোর্ট্রেইট সেলফি ক্যামেরা এবং অন্যটি ৮ মেগাপিক্সেলের সুপার ওয়াইড অ্যাঙ্গেল ক্যামেরা।

৫০ মেগাপিক্সেলের ক্যামেরাটিতে অত্যাধুনিক আইসোসেল ৩.০ প্রযুক্তি রয়েছে; যা কম আলোতেও সুন্দর ও স্বচ্ছ ছবি তুলতে সহায়তা করবে। আই অটোফোকাস প্রযুক্তি ছবির বিষয়বস্তুতে ফোকাস ধরে রাখতে সহায়তা করবে, ফলে বারবার ফোকাস করতে হবে না।

এদিকে, পারফেক্ট গ্রুপ ফটো তুলতে কাজ করবে ৮ মেগাপিক্সেলের ক্যামেরাটি। কেননা, এই সেলফি ক্যামেরাটি ১০৫ ডিগ্রি পর্যন্ত ধারণ করতে পারে। এআই এক্সট্রিম নাইট পোর্ট্রেইট মোড থাকায় স্মার্টফোনটির সেলফি ক্যামেরা দিয়ে রাতের অসাধারণ ছবিও ধারণ করা যাবে।

এদিকে ভিভো ভি২৩ ৫জি’র পেছনে রয়েছে তিনটি ক্যামেরা। যার মধ্যে রয়েছে ৬৪ মেগাপিক্সেলের জিডব্লিউ১ সুপার সেন্সিং ক্যামেরা, ৮ মেগাপিক্সেলের ওয়াইড অ্যাঙ্গেল লেন্স এবং ২ মেগাপিক্সেলের একটি ম্যাক্রো ক্যামেরা। ক্যামেরাগুলো দিয়ে হাই রেজ্যুলোশনের ল্যান্ডস্কেপ ছবি ধারণ করা যাবে।

ভিভো ভি২৩ ফাইভজির বডিতে মেটাল ফ্ল্যাট ফ্রেম এবং কালার চেঞ্জিং ফ্লোরাইট এজি ডিজাইন ব্যবহার করা হয়েছে। এই ডিজাইনটি ভিভোর প্রায় দুই বছরের গবেষণার ফল। স্মার্টফোনটির র্যাম ৮ গিগাবাইট, যা এক্সটেন্ডেড র্যাম ২.০ প্রযুক্তির মাধ্যমে আরো ৪ গিগাবাইট পর্যন্ত বাড়ানো যাবে। এর রম ১২৮ গিগাবাইট। ৪৪ ওয়াটের ফ্ল্যাশচার্জ স্মার্টফোনটিকে দ্রুত চার্জ করবে এবং বেশিক্ষণ ধরে চার্জ ধরে রাখবে এর ৪২০০ মিলিঅ্যাম্পিয়ার ব্যাটারি। অপারেটিং সিস্টেম হিসেবে ভিভো ভি২৩ ফাইভজিতে রয়েছে ফানটাচ ওএস ১২।